গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা
www.netrokonasadar.netrokona.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৫.৭২৭৪.০০০.০১৪.০০২.১৯- ৬২৮

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩১
১০ জুলাই ২০২৫

বিষয় : জুলাই ২০২৫ মাসের মাসিক সাধারণ সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের জুলাই ২০২৫ মাসের মাসিক সাধারণ সভা আগামী ১৭ জুলাই ২০২৫ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ টায় জনাব আসমা বিনতে রফিক, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব), উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা এর সভাপতিত্বে নেত্রকোণা সদর উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় বিভাগীয় কর্মকাণ্ডের অগ্রগতির বিবরণীসহ নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি :
১. বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
২. বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।
৩. কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৪. আইন, বিধি, সার্কুলার ও প্রজ্ঞাপন অবহিতকরণ।
৫. আয় ও ব্যয়ের হিসাব বিবরণী উপস্থাপন, আলোচনা ও সিদ্ধান্ত।
৬. ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি প্রকল্প বাস্তবায়ন বিষয়ক আলোচনা।

১০/০৭/২৫
(আসমা বিনতে রফিক)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ফোন- ০৯৫১-৬১৫৭৬

০১. জনাব................................চেয়ারম্যান
............................ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০২. উপজেলা.......................................অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা। সংশিষ্ট সভার আলোচনার জন্য বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন এ অফিসে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:
০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
০৫. অফিস কপি।

CamScanner

নেত্রকোণা সদর উপজেলা পরিষদের জুলাই ২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : আসমা বিনতে রফিক, প্রশাসক, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ : ১৭.০৭.২০২৫ খ্রি.
সভার সময় : বেলা ১১.০০ টা।
সভা নং : ১৪

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক ও খ দ্রষ্টব্য :

প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা কর্তৃক সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। পরবর্তীতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনো প্রকার সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর উপজেলার বিভিন্ন দপ্তরের সার্বিক কার্যক্রমের উপর আলোচনাক্রমে নিম্নবর্ণিত সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরের এডিপি ও উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম টেন্ডার ও পিআইসি প্রক্রিয়ার মাধ্যমে ৯৯% বাস্তবায়িত হয়েছে।<br><br>তিনি জানান ২০২৪-২০২৫ অর্থবছরে ০৪ টি কিস্তিতে প্রাপ্ত এডিপি'র ১,৩১,৬০,০০০/- টাকা বরাদ্দ দ্বারা আনুষঙ্গিক খরচ ১% বাদে নীট ১,৩০,৫৪,০০০/- টাকা দ্বারা ১৮টি পিআইসি ও ০৮টি টেন্ডার স্কিম গ্রহণ করা হয়। তার মধ্যে ১৭টি পিআইসি ও ০৮টি টেন্ডারের গৃহীত স্কিম শতভাগ বাস্তবায়ন করা হয় এবং ০১টি পিআইসির মাধ্যমে গৃহীত প্রকল্প বাস্তবায়ন না হওয়ায় বরাদ্দকৃত ২,০০,০০০/- টাকা তামাদি হয়।<br><br>তিনি আরও জানান ২০২৪-২০২৫ অর্থবছরের উপজেলা পরিষদের উন্নয়ন সহায়তা তহবিলের ৩,০৬,০০,০০০/- টাকা বরাদ্দ দ্বারা ১% আনুষঙ্গিক খরচ বাদে নীট ৩,০৩,০০,০০০/- টাকা দ্বারা ৫২ টি পিআইসি ও ১৪টি টেন্ডার স্কিম গ্রহণ করা হয়। তার মধ্যে ৫০টি পিআইসি ও ১৪টি টেন্ডারের স্কিম শতভাগ বাস্তবায়ন করা হয় এবং ০২টি পিআইসির গৃহীত প্রকল্প বাস্তবায়ন না হওয়ায় বরাদ্দকৃত ২,০৬,১৪৬/- টাকার বিল প্রদান করা হয়নি যা সংশ্লিষ্ট তহবিলে রক্ষিত আছে।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে এডিপি'র বরাদ্দ বাবদ ১,৩০,৫৪,০০০/- এবং উপজেলা পরিষদের উন্নয়ন সহায়তা তহিবলের ৩,০৩,০০,০০০/- টাকা সর্বমোট = ৪,৩৩,৫৪,০০০/- টাকার মধ্যে ৪,২৯,৪৭,৮৫৪/- প্রকল্প বাস্তবায়িত হয়েছে এবং ৪,০৬,১৪৬/- টাকার প্রকল্প বাস্তবায়িত হয়নি। এডিপি'র প্রকল্পের বাস্তবায়িত হার ৯৯% এবং উপজেলা উন্নয়ন সহায়তা প্রকল্পের বাস্তবায়িত হার ৯৯.৩২%<br><br>তিনি জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ০৪ মে ২০২৫ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০. ০৪৫.২০.০০৪.২৩ (অংশ-১) ৯২৯ নং স্মারকে ২০২৪-২০২৫ অর্থবছরের 'উপজেলা উন্নয়ন সহায়তা খাতের' 'অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় উপদেষ্টার অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' উপখাত হতে নেত্রকোণা সদর উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত ২৫,০০,০০০/- টাকা দ্বারা ৩০% পিআইসি বাবদ ৭,৫০,০০০/- এবং অবশিষ্ট ১৭,৫০,০০০/- টাকা দ্বারা টেন্ডার স্কিম গ্রহণ করা হয় এবং শতভাগ বাস্তবায়ন করা হয়। উক্ত টেন্ডারের ১৭,৫০,০০০/- ৫% Less money বাবদ ৮৭,৫০০/- তামাদি হয়।<br><br>তিনি জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ০৭ মে ২০২৫ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০ .০৪৫.২০.০০২.২৪ (অংশ-১)-১২৬৩ নং স্মারকে চলতি অর্থবছরে উপজেলা পরিষদের হলরুম ভবন মেরামত, উপজেলা পরিষদের ড্রেন মেরামত এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে পুকুরের ভাঙন রোধে প্যালাসাইডিং মেরামত বাবদ ২০,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়। কিন্তু বর্ষাকাল শুরু হওয়ায় পুকুরের পানি বৃদ্ধি পাওয়ায় প্যালাসাইডিং মেরামত করা সম্ভব হয়নি এবং বাকী প্রকল্পের কাজগুলোও চলতি অর্থবছরে যথেষ্ট সময় না থাকায় বাস্তবায়ন করাও সম্ভব হয়নি। ফলে বরাদ্দকৃত ২০,০০,০০০/- টাকা তামাদি হয়। | (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের এডিপি ও উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় গৃহীত টেন্ডার ও পিআইসি প্রক্রিয়ার মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পসমূহের কাজ নিয়মিত মনিটরি-এ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপি ও উন্নয়ন সহায়তা তহবিলের বরাদ্দের আওতায় আগামী সেপ্টেম্বর ২০২৫ মাসের মধ্যে খাতওয়ারী প্রকল্প দাখিল করার জন সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী নেত্রকোণা সদর নেত্রকোণা ও সংশ্লিষ্ট চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | তিনি জানান ২০২৪-২০২৫ অর্থবছরের উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় বাসা-বাড়ি ও অফিস ভবন মেরামত খাতে ১০,০০,০০০/- টাকার মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের ইন্টিরিয়র, দরজা, ও গাড়ির গ্যারেজ মেরামত বাবাদ ১,৯৯,৭০০/- এবং উপজেলা সমাজসেবা অফিস মেরামত বাবদ ২,০০,০০০ টাকা মোট ৩,৯৯,৭০০/- ব্যয় হয়েছে। অবশিষ্ট ৬,০১,৩০০/- টাকা সংশ্লিষ্ট তহবিলে সংরক্ষিত আছে।<br><br>তিনি আরও জানান আগামী ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপি ও উন্নয়ন সহায়তা তহবিলের বরাদ্দ আগস্ট ২০২৫ মাসে বিভাজন করা হবে। উক্ত বিভাজন মোতাবেক আগামী সেপ্টেম্বর ২০২৫ মাসের মধ্যে খাতওয়ারি প্রকল্প দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | | |
| ২. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, তার দপ্তরের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ও বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। তিনি আরও জানান শিক্ষকগণকে বিদ্যালয়ে নিয়মিত উপস্থিত হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে এবং তদারকি করা হচ্ছে। ঝড়ে পড়া রোধে নিয়মিত হোমভিজিট, উঠান বৈঠক ও মা সমাবেশ চলমান রয়েছে। ইতঃপূর্বে অকেজো ওয়াশব্লকের হালনাগাদ তালিকা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ নির্মাণাধীন ভবনের নির্মাণ কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | (ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করত হবে।<br>(গ) শিক্ষার্থীদের ঝড়ে পড়া রোধ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই সে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br>(চ) বিদ্যালয়গুলোতে নিয়মিত অভিভাবক ও মা সমাবেশ হচ্ছে কি না তা তদারকি করতে হবে।<br>(ছ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নেত্রকোণা সদর |
| ৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৪-২৫ খরিপ-১ মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী উফশী জাতের আউশ ২০০ হেক্টর, পাট- (দেশী, তোষা, কেনাফ) জাতের ৪৮৫ হেক্টর কর্তন কার্যক্রম চলমান আছে। আদা ২০ হেক্টর ও বস্তায় আদা ৩৭০০০ বস্তা, হলুদ ৪ হেক্টর, তিল ২ হেক্টর কর্তন করা হয়েছে গড় ফলন ১.১ মে.ট.। গ্রীষ্মকালীন মরিচ ২৫ হেক্টর কর্তন করা হয়েছে গড় ফলন ১৫.৭৫ মে.ট. (কাচা)-৩.১৫ মে.ট.(শুকনা)। পান ০.১ হেক্টর, গ্রীষ্মকালীন শাকসবজি ৭০০ হেক্টর কর্তন করা হয়েছে মোট উৎপাদন ১৭৮১৭ মে.ট.। রোপা আমন ধানের বীজতলা লক্ষ্যমাত্রা ৯৬৮ হেক্টর, অর্জন ৮৮১ হেক্টর। মাঠে দণ্ডায়মান আউশসহ অন্যান্য ফসলের অবস্থা ভাল। উপ-সহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষণিক কৃষকদের পাশে থেকে ফসলের, পোকা মাকড় ও রোগ বালাই দমনসহ অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন।<br><br>কৃষি প্রণোদনা কর্মসূচি- রোপা আমন উফশী জাতের বীজ ধান ও সার ৯০০ জন, হাইব্রিড জাতের মরিচ ৯০ জন, লেবুর চারা ৯০ জন, প্রতিষ্ঠানের জন্য নারিকেল চারা ১২০টি ইউনিয়নওয়ারি বিভাজন মাধ্যমে উপ-সহকারী কৃষি অফিসারগণ সংশ্লিষ্ট ব্লকের অগ্রাধিকার তালিকা তৈরি করে বিতরণ কার্যক্রম শেষ করেছেন।<br><br>১৬/০৭/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত রাসায়নিক সারের মজুদের পরিমান ইউরিয়া- ৪১৫ মে.ট., টিএস পি ৯৯ মে.ট., এমওপি ২২১ মে.ট., ডিএপি ৩০২ মে.ট. মজুদ আছে। | (ক) সার ও বীজের কৃত্রিম সংকট যেন না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণ পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমূল, পাট) বাড়াতে গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) ইউনিয়নওয়ারি বিভিন্ন প্রকার সার কি পরিমাণ মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঙ) সারের বরাদ্দ ও বিতরণের তথ্যাদি ইউনিয়ন পরিষদের হোয়াটস্ অ্যাপ গ্রুপে প্রদান করতে হবে। | উপজেলা কৃষি অফিসার নেত্রকোণা সদর |

(চ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।

৪. প্রাণি সম্পদ বিভাগ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, বাজারে বিশুদ্ধ দুধ ও ডিমের সরবরাহ করতে খামারীদের পরামর্শ প্রদান করা হচ্ছে। গরু মোটাতাজাকরণে যাতে রাসায়নিক দ্রব্যাদি ব্যবহার না করে সে বিষয়ে খামারীদের পরামর্শ প্রদান করা হচ্ছে।

তিনি আরও জানান বর্তমানে গরুর খোরা রোগ বৃদ্ধি পাচ্ছে। তার দপ্তর থেকে খোরা রোগ নির্মূলের বিষয়ে পরামর্শ দেওয়া হচ্ছে। বিভিন্ন এলাকায় ভুয়া গবাদি পশু চিকিৎসক ভুল চিকিৎসা দিয়ে ক্ষতি করছে। তাদের মোবাইল কোর্টের আওতায় আনার জন্য অনুরোধ জানান। তাছাড়া তিনি তার দপ্তরের কার্যক্রমের অগ্রগতির নিম্নরূপ তথ্যাদি সভায় উপস্থাপন করেন:

অগ্রগতির মাসিক প্রতিবেদন

(অর্থবছর : ২০২৫-২০২৬)

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | চলতি মাসের লক্ষ্যমাত্রা | চলতি মাসে অর্জন | ক্রম:পুঞ্জিত লক্ষ্যমাত্রা | ক্রম:পুঞ্জিত অর্জন | ক্রম:পুঞ্জিত অর্জনের হার) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ (সংখ্যা) | ১১৭০০ | ৯৭৫ | ৫৬০ | ৯৭৫ | ৫৬০ | ৪.৭৯% |
| | ক. তরল সিমেন দ্বারা | ০ | ০ | ০ | ০ | ০ | ০০% |
| | খ. হিমায়িত সিমেন দ্বারা | ১১৭০০ | ৯৭৫ | ৫৬০ | ৯৭৫ | ৫৬০ | ৪.৭৯% |
| ২ | সংকর জাতের গবাদি পশুর বাছুরের তথ্য সংগ্রহ (সংখ্যা) | ৪৯৮০ | ৪১৫ | ৩৬৯ | ৪১৫ | ৩৬৯ | ৭.৪১% |
| ৩ | সরকারিভাবে টিকা প্রদান সম্প্রসারণ | ৭৮০০০০ | ৬৫০০০ | ৯৪০০ | ৬৫০০০ | ৯৪০০ | ১.২১% |
| | ক) গবাদি পশু (সংখ্যা) | ৮০০০০ | ৬৬৬৬ | ৪০০ | ৬৬৬৭ | ৪০০ | ০.৫০% |
| | খ) হাঁস-মুরগী (সংখ্যা) | ৭০০০০০ | ৫৮৩৩৩ | ৯০০০ | ৫৮৩৩৩ | ৯০০০ | ১.২৯% |
| ৪ | গবাদিপশুর চিকিৎসা প্রদান (সংখ্যা) | ৩৯০০০ | ৩২৫০ | ৩১৫৯ | ৩২৫০ | ৩১৫৯ | ৮.১০% |
| ৫ | হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা) | ৩৪০০০০ | ২৮৩৩৩ | ৩০৪০৭ | ২৮৩৩৩ | ৩০৪০৭ | ৮.৯৪% |
| ৬ | পোষা প্রাণীর চিকিৎসা প্রদান(সংখ্যা) | ১০০ | ৮ | ১১ | ৮ | ১১ | ১১.০০% |
| ৭ | গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা) | ১১০ | ৯ | ৮ | ৯ | ৮ | ৭.২৭% |
| ৮ | গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিলেন্স (সংখ্যা) | ২৯ | ২ | ২ | ২ | ২ | ৬.৯০% |
| ৯ | ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্পস্থাপন (সংখ্যা) | ১৯ | ১ | ১ | ২ | ১ | ৫.২৬% |
| ১০ | খামারী প্রশিক্ষণ প্রদান (সংখ্যা) | ৯০০ | ৭৫ | ০ | ৭৫ | ০ | ০.০০% |
| ১১ | মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান (সংখ্যা) | ৭০ | ৫ | ০ | ৬ | ০ | ০.০০% |
| ১২ | উঠান বৈঠকে আয়োজন সংখ্যা | ১০৫ | ৮ | ৭ | ৯ | ৭ | ৬.৬৭% |
| ১৩ | স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ (একর) | ২৭.০০ | ২.২৫ | ২.০০ | ২.২৫ | ২.০০ | ৭.৪১% |
| ১৪ | খামার / ফিড মিল/ হ্যাচারি পরিদর্শন (সংখ্যা) | ১২০ | ১০ | ৮ | ১০ | ৮ | ৬.৬৭% |
| ১৫ | পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) | ৬ | ০ | ০ | ১ | ০ | ০.০০% |
| ১৬ | গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) | ১৬ | ১ | ৭ | ১ | ৭ | ৪৩.৭৫% |
| ১৭ | মোবাইল কোর্ট পরিচালনাকরা (সংখ্যা) | ৪ | ০ | ০ | ০ | ০ | ০.০০% |
| ১৮ | দুধ উৎপাদন (মেট্রিক টন) | ৩০০০০.০০ | ২৫০০.০০ | ২৩৬১.৯০ | ২৫০০.০০ | ২৩৬১.৯০ | ৭.৮৭% |
| ১৯ | মাংস উৎপাদন (মেট্রিক টন) | ২৯০০০.০০ | ২৪১৬.৬৭ | ২১০২.১৪ | ২৪১৬.৬৭ | ২১০২.১৪ | ৭.২৫% |
| ২০ | ডিম উৎপাদন (লক্ষ) | ৬০০.০০ | ৫০.০০ | ৪৯.৫০ | ৫০.০০ | ৪৯.৫০ | ৮.২৫% |

সিদ্ধান্ত:

(ক) সঠিকভাবে গবাদি পশু লালন-পালনের নিমিত্ত খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে।
(খ) গবাদি পশু মোটা তাজাকরণে রাসায়নিক দ্রব্য ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করতে হবে।
(গ) গবাদি পশুর রোগ ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে।
(ঘ) গবাদি পশুর খাদ্যের বাজার মূল্য স্থিতিশীল রাখতে নিয়মিত তদারকি করতে হবে।
(ঙ) যেসকল ব্যবসায়ী লাইসেন্স ব্যতীত গো-খাদ্যের ব্যবসা করছেন সেসকল দোকানদারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(চ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নে: উপজেলা প্রাণিসম্পদ অফিসার নেত্রকোণা সদর

| | | | | |
|---|---|---|---|---|
| [illegible] | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরের ১ম, ২য় ও ৩য় পর্যায়ের টিআর, কাবিটা ও কাবিখার আংশিক কাজ বাকী আছে। যা আগামী ০৭ (সাত) দিনের মধ্যে শেষ করা হবে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের টি.আর, কাবিটা ও কাবিখা, দুর্যোগ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িত অন্যান্য প্রকল্পসমূহের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৬. | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ বাস্তবায়নে এরাইখালি খালে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। অভিযানে ১০০০ মিটার চায়না দুয়ারি জাল, ১৫০ মিটার কারেন্ট জাল ও ৪টি বাধ ধ্বংস করা হয়। জব্দকৃত জাল পুড়িয়ে ধ্বংস করা হয় এবং ২০০০/- টাকা জরিমান আদায় করা হয়। বিভিন্ন ইউনিয়নে চাষীদের মৎস্য সচেতনতা বৃদ্ধি বিষয়ক কার্যক্রম চলমান রয়েছে। সচেতনতাবৃদ্ধির আওতায় অভয়াশ্রম রক্ষণাবেক্ষণ ও মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০বিষয়ক লিফলেট এবং মাইকিং এর মাধ্যমে সচেতনতা মূলক কার্যক্রম চলমান রয়েছে।<br><br>ভাওয়াল বিল এবং মাগুরা বিলে বিল নার্সারি পোনা অবমুক্ত করা রয়েছে। রাজস্ব বরাদ্দ এর আওতায় প্রদর্শনী বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। বর্ষাকাল আসন্ন থাকায় অত্র কার্যালয়ের ২টি কক্ষ অতি জরুরি ভিত্তিতে মেরামতের প্রয়োজন। দাপ্তরিক কার্যক্রম সহ বিভিন্ন প্রয়োজনীয় নথি সংরক্ষনে অসুবিধা হচ্ছে।বিষয়টি ইতোমধ্যে অবহিত করা হয়েছে। মৎস্য ঋণ এর সার্টিফিকেট মামলা দায়ের করা অর্থ হতে ৩,০০০/- আদায় করা হয়েছে।<br><br>তিনি আরও জানান প্রতিবছরের ন্যায় এবারও মৎস্য সপ্তাহ উদযাপন করা হবে এবং সকলকে নিমন্ত্রণপত্র দেওয়া হবে। তিনি সকলকে মৎস্য সপ্তাহের অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানান। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে দৃষ্টি রাখতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে সরেজমিন পরিদর্শন করে মৎস্যজীবী ও খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।<br>(গ) নদী, খাল ও মুক্ত জলাশয়ে নিষিদ্ধ জাল, মাছ ধরার উপকরণ ব্যবহার রোধে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) ইউপি চেয়ারম্যানগণ জলাশয়ে অবৈধ বাঁধ অথবা স্থাপনা অপসারণের জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন।<br>(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার নেত্রকোণা সদর |
| ৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান নেত্রকোণা সদর উপজেলায় ০৯টি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র আছে, ৫৬টি স্যাটেলাইট ক্লিনিক আছে। কিন্তু কোনো ডাক্তার নেই। স্যাটেলাইট ক্লিনিকে নরমাল ডেলিভারি হয় না। | (ক) বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) প্রতিটি স্যাটেলাইট ক্লিনিকে নরমাল ডেলিভারির তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) পরিচালিত কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নেত্রকোণা সদর |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| [illegible]. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বয়স্ক, বিধবা, স্বামী পরিত্যক্তা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা ও তার দপ্তরের সার্বিক চিত্র নিম্নরূপভাবে সভায় উপস্থাপন করেন। (নিচের সারণি দ্রষ্টব্য) | (ক) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) বয়স্কভাতা, বিধবা, স্বামী পরিত্যক্তা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে। করতে হবে।<br><br>(গ) যাচাইকৃত প্রতিবন্ধীদের অনুকূলে ভাতার পে-রোল দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয় ও প্রতিবন্ধী ভাতার ৯৪০ জনের বরাদ্দ স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন কোনো উপরকারীভোগী মৃত্যুবরণ করলে সাথে সাথে তার ভাতা বন্ধ করে প্রতিস্থাপন করার কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন | উপজেলা সমাজসেবা অফিসার নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |

| ক্রমিক | খাতের নাম | প্রকল্প গ্রাম/ মাতৃকেন্দ্রর নাম | স্কিম সংখ্যা | পুন বিনিয়োগ কৃত টাকার পরিমাণ | বিনিয়োগের তথ্য |
|---|---|---|---|---|---|
| ১. | পল্লী সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | পিটুয়া গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ০৮ টি | ২৪০০০০ | পুন বিনিয়োগ |
| ২. | | পিটুয়া গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ০৪ টি | ১২০০০০ | সা. চার্জ পুন বিনিয়োগ |
| ৩. | | বহরজামাটি গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ১৭ টি | ৬০০০০০ | পুন বিনিয়োগ |
| ৪. | | বহরজামাটি গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ০৩ টি | ১১০০০০ | সা. চার্জ পুন বিনিয়োগ |
| ৫. | | বহরজামাটি গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ০১ টি | ৩৩০০০ | সা. চার্জ বিনিয়োগ |
| ৬. | | বাইশধার গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ১১ টি | ৪২০০০০ | পুন বিনিয়োগ |
| ৭. | | বাইশধার গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ০৯ টি | ৩৩০০০০ | সা. চার্জ পুন বিনিয়োগ |
| ৮. | | মহেশকোণা গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ১১ টি | ৪৮০০০০ | পুন বিনিয়োগ |
| ৯. | | মহেশকোণা গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ০১ টি | ৩০০০০ | সা. চার্জ বিনিয়োগ |
| ১০. | | মহেশকোণা গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ | ০৩ টি | ১৩৫০০০ | সা. চার্জ পুন বিনিয়োগ |
| ১১. | পল্লী মাতৃ কেন্দ্র | মল্লিকপুর পল্লী মাতৃকেন্দ্র | ০৭ টি | ২১০০০০ | পুন বিনিয়োগ |
| ১২. | | মল্লিকপুর পল্লী মাতৃকেন্দ্র | ০১ টি | ১৯০০০ | সা. চার্জ পুন বিনিয়োগ |
| ১৩. | | গদী পল্লী মাতৃকেন্দ্র | ১০ টি | ৪০০০০০ | পুন বিনিয়োগ |
| ১৪. | | গদী পল্লী মাতৃকেন্দ্র | ০১ টি | ২২০০০ | সা: চার্জ পুন বিনিয়োগ |
| ১৫. | | গদী পল্লী মাতৃকেন্দ্র | ০১ টি | ৫০০০০ | সা: চার্জ পুন বিনিয়োগ |
| ১৬. | | খরের বাংলা পল্লী মাতৃকেন্দ্র | ০৯ টি | ৩০০০০০ | পুন বিনিয়োগ |
| ১৭. | | খরের বাংলা পল্লী মাতৃকেন্দ্র | ০২ টি | ৮৫০০০ | সা: চার্জ পুন বিনিয়োগ |
| ১৮. | | চকপাড়া পল্লী মাতৃকেন্দ্র | ১৮ টি | ৬৭৫০০০ | পুন বিনিয়োগ |
| ১৯. | | চকপাড়া পল্লী মাতৃকেন্দ্র | ০৪টি | ১২০০০০ | সা. চার্জ পুন বিনিয়োগ |
| ২০. | | দক্ষিণ ঠাকুরাকোনা পল্লী মাতৃকেন্দ্র | ১২ টি | ৩১০০০০ | পুন বিনিয়োগ |
| ২১. | | দক্ষিণ ঠাকুরাকোনা পল্লী মাতৃকেন্দ্র | ৩ টি | ৫৭০০০ | সা. চার্জ পুন বিনিয়োগ |
| ২২. | প্রতিবন্ধী তহবিল | ১০ নং রৌহা ইউনিয়ন | ০১টি | ৪৫০০০ | পুন বিনিয়োগ |
| | | সর্বমোট= | ১৩৭টি | ৪৭৯১০০০ | |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
<table>
<tr><th>ইউনিয়ন</th><th>বয়স্ক ভাতাভোগীর সংখ্যা</th><th>বিধবা ভাতাভোগীর সংখ্যা</th><th>প্রতিবন্ধী ভাতা ভোগীর সংখ্যা</th></tr>
<tr><td>মৌগাতী</td><td>১৫৭৫</td><td>১০৬০</td><td>৬২</td></tr>
<tr><td>চল্লিশা</td><td>১৬২৬</td><td>১০৭৮</td><td>৫৯৪</td></tr>
<tr><td>মেদনী</td><td>১৭১৩</td><td>১২৩০</td><td>৫১৯</td></tr>
<tr><td>রৌহা</td><td>১৫৮০</td><td>১২০৬</td><td>৬০৫</td></tr>
<tr><td>কাইলাটী</td><td>১৪৪৫</td><td>১১৫১</td><td>৬৪০</td></tr>
<tr><td>মদনপুর</td><td>১৫৭৬</td><td>১৬৬৪</td><td>৭৩৯</td></tr>
<tr><td>সিংহের বাংলা</td><td>১৬৭২</td><td>১২৫২</td><td>৩৯৬</td></tr>
<tr><td>ঠাকুরাকোণা</td><td>১৬৮৮</td><td>১১৩৬</td><td>৩৯৮</td></tr>
<tr><td>কেগাতী</td><td>১৭৮৩</td><td>১১৩৬</td><td>৫৩৪</td></tr>
<tr><td>আমতলা</td><td>১৫৮৮</td><td>১১১৫</td><td>৪৮৬</td></tr>
<tr><td>লক্ষীগঞ্জ</td><td>১৪৫৪</td><td>১১৮৩</td><td>৫৬০</td></tr>
<tr><td>দ. বিশিউড়া</td><td>১৪৯০</td><td>১৩৬৭</td><td>৬২৬</td></tr>
</table>
তিনি সমাজসেবা কার্যালয়ের আওতায় বিভিন্ন মৃত ভাতাভোগীকে প্রতিস্থাপন করার জন্য জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান।
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>৯.</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক অফিস</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থ বছরের মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় সদর উপজেলার ১২টি ইউনিয়নের ভাতাভোগীদের জুলাই/২৪ হতে নভেম্বর/২৪ পর্যন্ত জিটুপি সিস্টেমে ভাতা বিতরণ অব্যাহত আছে। নীতিমালার আলোকে জুলাই/২৪-জুন/২৫ পর্যন্ত প্রতি মাসের ০১-২০ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবে। নেত্রকোণা পৌরসভায় মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ও ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ অর্থ বৎসরের জুলাই/২৪ হতে জুন/২৫ পর্যন্ত ভাতাভোগীদের জিটুপি সিস্টেমে ভাতা বিতরণ অব্যাহত আছে। নীতিমালার আলোকে জুলাই/২৪-জুন/২৫ পর্যন্ত প্রতি মাসের ০১-২০ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবে।<br>নেত্রকোণা জেলাধীন সদর উপজেলায় ২০২৫-২০২৬ অর্থ বছরের ভালনারেবল বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় অনলাইন আবেদনের কাজ ০৬ এপ্রিল ২০২৫ হতে ২৬ এপ্রিল ২০২৫ তারিখ পর্যন্ত চলমান থাকবে।<br><br>নেত্রকোণা জেলাধীন সদর উপজেলায় ১২ টি ইউনিয়নে ও পৌরসভায় কিশোর কিশোরী ক্লাব চলমান রয়েছে।</td>
<td>(ক) ভিডব্লিউবি কার্যক্রমে যাতে জটিলতা সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) প্রতিমাসে প্রত্যেক ইউনিয়নে একটি করে বাল্য বিবাহ প্রতিরোধ সভা করতে হবে।<br>(গ) কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম সচল রাখতে হবে এবং কতটি কিশোর কিশোরী ক্লাব আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে। কোনো কিশোর কিশোরী ক্লাবে পদ শূন্য থাকলে তা জরুরি ভিত্তিতে পূরণ করতে হবে।<br>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীদের নামের তালিকা ইউনিয়ন কমিটি থেকে উপজেলা কমিটিতে দ্রুত পাঠাতে হবে।<br>(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল)</td>
</tr>
<tr>
<td>১০</td>
<td>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</td>
<td>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা সদর জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ২০২৩-২০২৪ অর্থবছরের সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপসমূহের বাকী ১০০টি নলকূপ এর কাজের ১০০ টির বোরিং এর কাজ শেষ এবং ৫৫ টির প্লাটফর্ম ও ট্যাংকিসহ কাজ শেষ হয়েছে। বাকী কাজগুলি সমাপ্ত করার জন্য নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা জেলার মাধ্যমে ঠিকাদারকে চিঠি ও মৌখিকভাবে তাগিদ দেওয়া হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে বরাদ্দকৃত গভীর নলকূপ এর আবেদন গ্রহণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। উক্ত আবেদনগুলো উপজেলা ওয়াটসান কমিটির মাধ্যমে যাচাই বাছাই এর কাজ শেষ। চূড়ান্ত তালিকা প্রকাশ করা হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুনর্নিমাণে জরুরি সহায়তা (জিওবি-এডিবি) প্রকল্পের আওতায় ৪৩টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপের বোরিং কাজ শেষ হয়েছে। প্লাটফর্ম ও</td>
<td>(ক) গভীর নলকূপসমূহ যথাযথভাবে স্থাপন করতে হবে।<br><br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অধিদপ্তর নেত্রকোণা সদর</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>ট্যাংকির কাজ চলমান। এছাড়াও সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্প এর আওতায় নেত্রকোণা জেলাধীন উপজেলার মদনপুর ইউনিয়ন এ হযরত শাহ সুলতান কমর উদ্দিন রুমী (রঃ) মাজারে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই এর ওভার হেড ট্যাংক এবং বাউন্ডারি দেয়াল এর কাজ শেষ, প্রকল্প অফিস হতে পাইপ লাইন নেটওয়ার্কের ড্রইং চলে এসেছে। শীঘ্রই পাইপ লাইনের কাজ শুরু হবে। সদর উপজেলার PEDP-4 প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলির ওয়াশ ব্লক ও নলকূপ এর কাজ চলমান এবং ৬৬ টি ওয়াশ ব্লক এর কাজ সমাপ্ত হয়েছে। এছাড়াও PEDP-4 প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলির সমাপ্তকৃত ও চলমান ওয়াশ ব্লক এর কাজ প্রতিনিয়ত পর্যবেক্ষণে এ রাখা হয়েছে।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>১১</td>
<td>পল্লী উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের আওতায় উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ (এসএমই) কর্মসূচি, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম চলমান রয়েছে।<br>বর্ণিত কার্যক্রমসমূহের অগ্রগতি নিম্নরূপ :
<table>
<tr><th>কার্যক্রম</th><th>মাসে বিতরণ (লক্ষ টাকায়)</th><th>মাসে আদায় (লক্ষ টাকায়)</th><th>বিতরণ (লক্ষ টাকায়)</th><th>আদায় (লক্ষ টাকায়)</th><th>আদায়ের হার</th></tr>
<tr><td>পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচি</td><td>৪০.০০</td><td>১৪.৪২</td><td>৩১৫.২৫</td><td>২৫৬.৬৩</td><td>৯১%</td></tr>
<tr><td>মহিলা উন্নয়ন অনুবিভাগ</td><td>০.০০</td><td>২০.১৪</td><td>৯৭৫.৪৬</td><td>৯৬১.৩৮</td><td>৯৭%</td></tr>
<tr><td>আবর্তক (কৃষি ঋণ) কর্মসূচি</td><td>০.০০</td><td>২.৩৪</td><td>১৪০.৬১</td><td>১২৭.১৪</td><td>৮৮%</td></tr>
<tr><td>অপ্রধান শস্য ঋণ কর্মসূচি</td><td>৮.৮৭</td><td>৩.৮৮</td><td>১৫৯.৫৯</td><td>১২৮.০১</td><td>৯০%</td></tr>
<tr><td>সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি</td><td>০.০০</td><td>০.৭৫</td><td>২৯৬.৫২</td><td>২৩৪.৮৮</td><td>৭৯%</td></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>০.০০</td><td>০.৮২</td><td>৬৩.১০</td><td>৪৬.৯৮</td><td>৭৩%</td></tr>
<tr><td>বীর মুক্তিযোদ্ধা কর্মসূচি</td><td>০.০০</td><td>২.০৬</td><td>৩২.২৬</td><td>২২.২৩</td><td>৭০%</td></tr>
<tr><td>মোট</td><td>৪৮.৮৮</td><td>৪৪.৪১</td><td>১৯৮০.৭৯</td><td>১৭৭৭.২৫</td><td>৯০%</td></tr>
</table></td>
<td>(ক) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল করতে হবে।<br><br>(খ) যেসকল আশ্রয়ণ প্রকল্পে এখনও সমিতি গঠন করা হয়নি সেসকল আশ্রয়ণে সমিতি গঠন করতে হবে।<br><br>(গ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>পল্লী উন্নয়ন কর্মকর্তা<br><br>নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১২</td>
<td>সমবায় বিভাগ</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, নেত্রকোণা সদর উপজেলায় নবনির্মিত আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের নিয়ে ০৫টি ভিন্ন ভিন্ন এলাকায় ০৫টি সমবায় সমিতি গঠন করা হয়েছে। এগুলো নিম্নরূপ :<br>১। বড়গাড়া গোপালপুর আশ্রয়ণ সমবায় সমিতি লি., বড়গাড়া গোপালপুর, ইউনিয়ন: রৌহা, নেত্রকোণা সদর।<br>২। বড়গাড়া নদীরপাড় আশ্রয়ণ সমবায় সমিতি লি., বড়গাড়া নদীরপাড়, ইউনিয়ন: রৌহা, নেত্রকোণা সদর।<br>৩। নগুয়া কুশলগাঁও আশ্রয়ণ সমবায় সমিতি লি., নগুয়া কুশলগাঁও, ইউনিয়ন: মৌগাতী, নেত্রকোণা সদর।<br>৪। তাতিয়র চরপাড়া আশ্রয়ণ সমবায় সমিতি লি., তাতিয়ার চরপাড়া, ইউনিয়ন: ঠাকুরাকোণা, নেত্রকোণা সদর।<br>৫। ঢুলিগাতী আশ্রয়ন সমবায় সমিতি লি., ঢুলিগাতী ইউনিয়ন: লক্ষ্মীগঞ্জ, নেত্রকোণা সদর।<br><br>এ উপজেলায় মোট অডিটযোগ্য ১০৯টি সমবায় সমিতির অডিট কার্যক্রম চলমান রয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে সম্পাদিত অডিটের ভিত্তিতে অডিট ফি ও ভ্যাট বাবদ ৩৪৮৭০/- টাকা ধার্য করা হয় এবং জুলাই/২৫ মাস পর্যন্ত মোট ৩৪,৮৭০/-টাকা আদায় করা হয়। ২০২৪-২০২৫ অর্থ বছরে সমবায় তহবিল ১৩২২৪/- টাকা ধার্য করা হয় এবং সাকুল্য টাকা আদায় করা হয় ।<br>হাতকুন্ডলী আশ্রয়ণ প্রকল্পে আদায়যোগ্য ঋণ (ঘূর্ণায়মান) ২৩,৩৮,০০০/-। ক্রমপুঞ্জিভুত আদায় ১৪,৬১,৯১৬/-টাকা। এ মাসে আদায় ২৬৫০/-টাকা। আদায়ের হার ৮০%।<br>মালনী আশ্রয়ণ প্রকল্পে আদায়যোগ্য ঋণ (ঘূর্ণায়মান) ১৪,০৬,৫০০/-এবং ক্রমপুঞ্জিভুত আদায়</td>
<td>(ক) যেসকল আশ্রয়ণ প্রকল্পে সমিতি গঠন করা হয়েছে সেসকল আশ্রয়ণ প্রকল্পে ঋণ বিতরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপজেলা সমবায় অফিসার নেত্রকোণা সদর</td>
</tr>
</table>



CamScanner

<table>
<tr><td></td><td></td><td>১২,০০৯৭৩/-টাকা। এ মাসে আদায় ৫০০/-টাকা। আদায়ের হার ৮৭%।</td><td></td><td></td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান নেত্রকোণা সদর উপজেলায় দুইটি গুদামে মোট ২১ হাজার মেট্রিক টন চাল সংগ্রহ করা হয়েছে। নেত্রকোণা সদর উপজেলায় সদর খাদ্য গুদাম ও ঠাকুরাকোণা খাদ্য গুদামে ১৫৬৯ মেট্রিক টন চাল সংগ্রহ করা হয়েছে। মোট সংগ্রহের ১০০%। নেত্রকোণা সদর উপজেলায় ০৯টি ওএমএস দোকানে ১ মেট্রিক টন চাল ও ১ মেট্রিক টন গম প্রতিদিন বিক্রি করা হচ্ছে। তাছাড়া নেত্রকোণা সদর উপজেলায় ১২টি ইউনিয়নে ৪০০০ নতুন খাদ্য বান্ধব ভোক্তা বরাদ্দ প্রদান করা হয়েছে। খাদ্যবান্ধব ইউনিয়ন কমিটির মাধ্যমে উক্ত নতুন ৪০০০ ভোক্তার তালিকা পাওয়া গেছে।</td><td>(ক) বর্তমানে কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য ও খাদ্যশস্য কি পরিমাণ মজুদ আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ওএমএস ও খাদ্যবান্ধব কর্মসূচির চাল বিতরণের সময় প্রত্যেক ডিলারের কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>(গ) ২০২৪-২০২৫ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী কি পরিমাণ ধান ও চাল সংগ্রহ করা হয়েছে তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি নিম্নরূপভাবে তার দপ্তরের কার্যক্রম উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র. নং</th><th>বিবরণ</th><th>কার্যক্রম</th></tr>
<tr><td>১</td><td>বরাদ্দকৃত মূলধন</td><td>২,৩১,৮,৮০০/-</td></tr>
<tr><td>২</td><td>মোট বিতরণকৃত ঋণের পরিমাণ</td><td>৩৪,১১,৭০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>চলতি অর্থ বছরে বিতরণ</td><td>২,৫১,০০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>বিবেচ্য মাসে বিতরণ</td><td>-</td></tr>
<tr><td>৫</td><td>আদায়যোগ্য ক্রমপুঞ্জিত</td><td>২,৭৭,৩২,৩৭১/-</td></tr>
<tr><td>৬</td><td>আদায়কৃত ক্রমপুঞ্জিত</td><td>২১,১১,০৭০৩/-</td></tr>
<tr><td>৭</td><td>আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>৮</td><td>আদায়যোগ্য চলমান</td><td>১,৭৫,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>আদায়কৃত চলমান</td><td>১,৭৫,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>আদায়ের হার</td><td>১০০%</td></tr>
<tr><td>১১</td><td>মেয়াদ উত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ</td><td>১৫,৬১,৪২৪/-</td></tr>
<tr><td>১২</td><td>ঋণ খেলাপি আদায়</td><td>৪০,৪৪০/-</td></tr>
<tr><td>১৩</td><td>কিস্তি খেলাপি পরিমাণ</td><td>১৫০০০/-</td></tr>
<tr><td>১৪</td><td>কিস্তি খেলাপি আদায়</td><td>৫০০০/-</td></tr>
<tr><td>১৫</td><td>মোট উপকারভোগীর সংখ্যা</td><td>৬০৮ জন</td></tr>
<tr><td>১৬</td><td>মোট ঋণ সংখ্যা</td><td>৮১৬ জন</td></tr>
<tr><td>১৭</td><td>চলমান ঋণ সংখ্যা</td><td>২৩৭ জন</td></tr>
<tr><td>১৮</td><td>চলতি বছরে প্রশিক্ষণার্থীর সংখ্যা</td><td>৪২০ জন</td></tr>
<tr><td>১৯</td><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণার্থীর সংখ্যা</td><td>৬৬৩৫ জন</td></tr>
<tr><td>২০</td><td>চলতি অর্থ বছরে আত্মকর্মীর সংখ্যা</td><td>৭২ জন</td></tr>
<tr><td>২১</td><td>ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা</td><td>৪১৯৪ জন</td></tr>
</table></td><td>ক.বিভাগীয় কার্যক্রম আরও কার্যকর ও গতিশীল করতে হবে।<br>খ. উপজেলা যুব উন্নয়ন অফিস হতে প্রশিক্ষণ গ্রহণের পর প্রশিক্ষণার্থীগণ তা কাজে লাগাচ্ছে কি না তা তদারকি করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান স্কুল, মাদ্রাসা ও কলেজ পর্যায়ের উপবৃত্তি সংক্রান্ত অনলাইন প্রশিক্ষণ চলমান। ৬ষ্ঠ থেকে একাদশ শ্রেণি পর্যন্ত ২০২৫ সালের নতুন উপবৃত্তি কার্যক্রম চলমান। শিক্ষকদের ইএফটি এর মাধ্যমে বেতন প্রদান, অনলাইন এমপিও আবেদন প্রেরণ, শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, প্রশাসক ও শিক্ষা বোর্ড কর্তৃক নির্দেশিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন এবং দাপ্তরিক অন্যান্য কাজ যথারীতি চলমান রয়েছে।</td><td>(ক) প্রতি মাসে ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) নিয়মিত বিদ্যালয়/মাদ্রাসা পরিদর্শন করতে হবে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নেত্রকোণা সদর</td></tr>
</table>

<table>
<tr><td></td><td></td><td></td><td>(গ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td><td></td></tr>
<tr><td>১৬</td><td>পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>(ক) দপ্তরে কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ৪র্থ অর্থনৈতিক শুমারির হালনাগাদ তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) দাপ্তরিক সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়ন করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সমিতির সংখ্যা ১১৭টি এবং সমিতির সদস্য সংখ্যা ৪২৫৩ জন, ঋণী সদস্য ২১৩৪ জন। উঠান বৈঠক প্রতি সমিতিতে প্রতি মাসে ০১টি করা হয়। পরিবার পরিকল্পনা গ্রহণ, বাল্যবিবাহ রোধ ও মাদকের কুফল ইত্যাদি বিষয়ে সমিতি পর্যায়ে উঠান বৈঠক করা হয়।</td><td>(ক) প্রশিক্ষণ কার্যক্রমের বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ক্ষুদ্র ঋণ গ্রহীতাদের কার্যক্রম তদারকি করতে হবে।<br>(গ) দাপ্তরিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৮</td><td>বন বিভাগ</td><td>ভারপ্রাপ্ত কর্মকর্তা, সোসাল ফরেস্টি নার্সারি এন্ড ট্রেনিং সেন্টার, নেত্রকোণা বিভাগ জানান উপজেলা বন বিভাগের ভূমিকা হচ্ছে উপজেলার বিভিন্ন সড়কে বৃক্ষরোপন ও জনসাধারণের মধ্যে সরকারি রাজস্ব মূল্যে/বিনামূল্যে চারা বিতরণ কর্মসূচি। সামাজিক বনায়নের মাধ্যমে দারিদ্র বিমোচন প্রকল্পের আওতায় অংশীদারিত্বমূলক বাগান তৈরি করা হয় এবং পরবর্তীতে উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ করা হয়।</td><td>(ক) কোনো গাছ কর্তনের প্রয়োজন হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td><td>ভারপ্রাপ্ত কর্মকর্তা, সোসাল ফরেস্টি নার্সারি এন্ড ট্রেনিং সেন্টার</td></tr>
<tr><td>১৯</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, নেত্রকোণা সদর উপজেলায় মোট ইউনিয়ন ১২টি, পৌরসভা ০১টি, মোট সমিতি ৩৭০টি, মোট সদস্য সংখ্যা ১৪৩৫৭ জন, মোট সঞ্চয় স্থিতি ৭৫১.৬৫ (লক্ষ) টাকা, মোট ঋণী সদস্য ৯,১৪২ জন, মোট ঋণ স্থিতি ২৪৯৯.৭৩ (লক্ষ) টাকা, Standard loan ১৩৮৫.৫৭ লক্ষ টাকা, sma loan ৮৫.৬০ লক্ষ টাকা, ss loan ৬৬৭.৬৫ লক্ষ টাকা, df ২৪৩.৮৮ লক্ষ টাকা, b/l loan ১১৭.১৩ লক্ষ টাকা, সদস্য শেয়ার প্রভিড ১০৫ লক্ষ টাকা, সমিতি শেয়ার প্রভিড ২.৯৭ লক্ষ টাকা, ডোনেসন ০.০৮ লক্ষ টাকা, ম্যানুয়াল সম্পদ আদায় ১.০২ লক্ষ টাকা।<br><br>খাত ভিত্তিক ঋণ বিতরণের তথ্য :<br>
<table>
<tr><td>০১</td><td>গাভি পালন</td><td>৩৬০৫টি</td><td>৯৭০.০০</td></tr>
<tr><td>০২</td><td>সবজি চাষ</td><td>৪৫২টি</td><td>১০২.০০</td></tr>
<tr><td>০৩</td><td>হাঁস-মুরগী পালন</td><td>৯২৪টি</td><td>২৫৮.৪০</td></tr>
<tr><td>০৪</td><td>ক্ষুদ্র ব্যবসা</td><td>৪০৬১টি</td><td>১১১২.৮০</td></tr>
<tr><td>০৫</td><td>অন্যান্য</td><td>৭০টি</td><td>১৩৬.৩৪</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৯১০২ টি</td><td>২৫৮৯.১৪</td></tr>
</table>
২০২৪-২৫ অর্থবছরে অর্জন :<br>
<table>
<tr><td>ক্র. নং</td><td>বিবরণ</td><td>জুন/২০২৫ লক্ষ্যমাত্র</td><td>অর্জন</td><td>২০২৪-২০২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td><td>মন্তব্য</td></tr>
<tr><td>০১</td><td>সদস্য ভর্তি</td><td>১২০</td><td>০</td><td>১৪৪০</td><td>৮৫</td><td>৬%</td><td></td></tr>
<tr><td></td><td>সঞ্চয় আদায়</td><td>২৪.৩৮</td><td>৩.৬৬</td><td>২৯২.৬০</td><td>৩৫.৪২</td><td>১২%</td><td></td></tr>
<tr><td></td><td>ঋণ বিতরন</td><td>২৫১.০০</td><td>১৭৪.২৬</td><td>৩০০৯</td><td>১০৫৮.৯৪</td><td>৩৫%</td><td></td></tr>
<tr><td></td><td>ঋণ আদায়</td><td>২৮৩.০০</td><td>১৮৯.৬</td><td>২৮৬০</td><td>১১৫৮.৭৪</td><td>৪১%</td><td></td></tr>
</table></td><td>(ক) বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করতে হবে।<br>(খ) ঋণ খেলাপীদের তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) বিতরণকৃত ঋণ আদায়ের লক্ষ্যে কার্যক্রম আরও জোরদার করতে হবে।<br>(ঘ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td><td>শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক নেত্রকোণা সদর</td></tr>
</table>



CamScanner

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ০ | | | | |
| | ব্যবসাহিক লক্ষ্যমাত্রা | ৫.২০ | ১২.৭৫ | ৬২.৪০ | ৪৭.৩০ | ৭৬% | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা জানান কমিউনিটি ক্লিনিক থেকে বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্য সেবা ও ২৭ ধরনের ঔষধ প্রদান করা হয়। কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিত থাকার জন্য এএইচআইদের দিয়ে তদারকি করানো হয়। প্রতিমাসে অন্তত ০৩টি কমিউনিটি ক্লিনিক ও মাঠ পর্যায়ে স্বাস্থ্য কর্মসূচির বিভিন্ন কার্যক্রম তদারকি ও পরিদর্শন করা হয়। তিনি আরও জানান আগামী সেপ্টেম্বর ২০২৬ মাস থেকে ০৯ মাস থেকে ১৫ বছর বয়সী শিশুদের টাইফয়েডের ভ্যাকসিন দেওয়া হবে। এ বিষয়ে খুব শীঘ্রই ক্যাম্পেইন করা হবে। তাছাড়া করোনা ভাইরাসের প্রভাব বৃদ্ধি পাচ্ছে। করোনা ভাইরাস সনাক্তের কিডস সংগ্রহ করা হবে। তিনি করোনা ভাইরাসের সংক্রমন রোধে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ জানান। | (ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কি কি ধরনের ঔষধ বিনামূল্যে প্রদান করা হয় এবং কি কি সরকারি সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(গ) প্রতিমাসে অন্তত ০৩টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা নেত্রকোণা সদর |
| ২১ | উপজেলা পরিচালন ও উন্নয়ন | উপজেলা পরিচালন ও উন্নয়ন কর্মকর্তা জানান যে, উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করা হয়। তিনি আরও জানান পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে আশরাফ আলী খান খসরু প্রাথমিক বিদ্যালয়ে প্রস্তাবিত (কুমড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়) প্রদানকৃত উঁচুনিচু বেঞ্চের প্রয়োজন না থাকায় মদনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বেঞ্চগুলো হস্তান্তরের প্রস্তাব উপস্থাপন করেন। তিনি বলেন যে, এতে করে বেঞ্চের গুণগতমান অক্ষুণ্ণ থাকবে এবং বেঞ্চগুলো ব্যবহৃত হবে। | (ক) উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন এবং তা ওয়েব পোর্টালে আপডেট করতে হবে।<br>(খ) আশরাফ আলী খান খসরু কুমড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রদানকৃত উঁচুনিচু বেঞ্চের প্রয়োজন না থাকায় মদনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে হস্তান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি)<br>উপজেলা পর্যায়ে কর্মকর্তা (সকল)<br>ইউপি চেয়ারম্যান/ প্রশাসক (সকল) |
| ২২ | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সরকার নির্ধারিত কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের তথ্য সংগ্রহের জন্য গ্রাম পুলিশদের কাজে লাগাতে হবে। প্রয়োজনে জন্ম-মৃত্যু নিবন্ধনের কার্যক্রমে এডিপি বরাদ্দের ১% অর্থ ব্যয় করা যাবে। | জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে সরকার নির্ধারিত কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যক্রম জোরদার করতে হবে। | চেয়ারম্যান / প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২৩ | আয় ও ব্যয়ের হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১.০৬.২০২৫ তারিখ হতে ৩০.০৬.২০২৫ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক আয় ৩৫,৭১,৬৪৫/- ব্যয় ৭,২০,৯২৫/- টাকা এবং স্থিতি ৩,৭৫,৪০,৩৭০/- | প্রশাসক, উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা | |
| ২৪ | বিবিধ-১ | (ক) উপজেলা পরিষদের জুন/২০২৫ মাসের আপ্যায়ন, উপজেলা পরিষদের স্থায়ী কমিটির আপ্যায়ন, আনুষঙ্গিক বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক উল্লিখিত ব্যয়সমূহ উপজেলা | প্রশাসক উপজেলা পরিষদ ও |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | (খ) উপজেলা পরিষদের বিভিন্ন অনুষ্ঠানের ব্যানার ও ফুলের তোড়ার বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিষদের পত্রিকা বিল পরিশোধ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদের ড্রেন, আশ-পাশ পরিষ্কার পরিচ্ছন্নতার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা পরিষদ ও উপজেলা হল রুমের ইন্টারনেট বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) ১৪৩২ বাংলা সনের হাটবাজার ইজারার ইজারা জনিত খরচ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ছ) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, প্রবধি-২, অধিশাখা এর ২২ মে ২০২৫ খ্রি.তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫ (অংশ-৩) ১০০ নং স্মারক মোতাবেক নিয়মিত দক্ষ শ্রমিক ৭৫০/- ও অনিয়মিত অদক্ষ শ্রমিক ৭০০/- হারে ১ জুলাই ২০২৫ হতে সর্বোচ্চ ২২দিনের পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(জ) উপজেলা পরিষদের আসবাবপত্র ও সিসি ক্যামেরা মেরামতের বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ২৫ | বিবিধ-২ | গত ১৫/০২/২৪ তারিখে জাতীয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির আলোচনার নির্দেশনামতে সকল ইউনিয়ন পরিষদে ইউডিসির মাধ্যমে বিদেশ গমনেচ্ছুদের আবেদনের ব্যবস্থা এবং ইউডিসি প্রদত্ত সেবার নির্ধারিত মূল্য তালিকা অনুসরণের বিষয়ে আলোচনা হয়।<br><br>তাছাড়া তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে এখন থেকে অনলাইন মাধ্যম prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সংবলিত সনদ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | (ক) ইউডিসির মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে বিদেশ গমনেচ্ছুদের আবেদন সেবা চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ইউডিসি'র নির্ধারিত সেবামূল্য তালিকা অনুসরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে এখন থেকে অনলাইন মাধ্যম prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সংবলিত সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউপি (সকল) |
| ২৬ | বিবিধ-৩ | ডেঙ্গু মশাবাহিত রোগ নিয়ন্ত্রণে সকল বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্ট বাজারের ইজারাদারদের পত্র দেওয়ার জন্য সভায় আলোচনা হয়। | বাজারের ইজারাদারদের পত্র দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭ | বিবিধ-৪ | শিক্ষার মানোন্নয়নে প্রতিষ্ঠানে নিয়মিতভাবে (প্রতি তিনমাসে একবার) নিম্নোক্ত সভা অনুষ্ঠানের জন্য আলোচনা করা হয়।<br>(১) শিক্ষক সমাবেশ, (২) অভিভাবক/মা সমাবেশ, (৩) মাদক ও কিশোর গ্যাং বিরোধী সমাবেশ, (৪) যৌতুক নিরোধ সমাবেশ,<br>(৫) ডেঙ্গু নিরোধ/পরিবেশ সংরক্ষণ সমাবেশ, (৬) প্রাত্যহিক সমাবেশ। উক্ত সমাবেশ/সভা অনুষ্ঠান আয়োজন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য আলোচনা হয়।<br>এছাড়াও ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ ও সাংগঠনিক নেতৃত্বগুণ বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নিম্নোক্ত ক্লাব গঠন ও নিয়মিত কার্যক্রম পরিচালনা বিষয়ে আলোচনা করা হয়। (১) সাইন্স ক্লাব, (২) ডিবেট ক্লাব, (৩) কালচারাল ক্লাব, (৫) কল্যাণ ক্লাব, (৬) ল্যাংগুয়েজ ক্লাব। | (ক) সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা/সমাবেশ আয়োজন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>(খ) ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ, সাংগঠনিক নেতৃত্বগুণ বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক, উচ্চ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br><br>উপজেলা শিক্ষা অফিসার<br><br>শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নিম্নোক্ত ক্লাব গঠন ও নিয়মিত কার্যক্রম পরিচালনা করতে হবে। (১) সাইন্স ক্লাব, (২) ডিবেট ক্লাব, (৩) কালচারাল ক্লাব, (৫) কল্যাণ ক্লাব, (৬) ল্যাংগুয়েজ ক্লাব। | |
| ২৮ | বিবিধ-৫ | সভায় জানানো হয় যে, ২০২৪-২০২৫ অর্থবছরে রাজস্ব তহিবলের বিভিন্ন খাতের ব্যয় পরিশোধের পর ৩,৭৫,৪০,৯৭০/- অবশিষ্ট রয়েছে। উপজেলা পরিষদের নির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ভাতা ও অন্যান্য আনুসঙ্গিক ব্যয় বাবদ ৭০,৪০,৯৭০/- রাজস্ব তহবিলে সংরক্ষিত রেখে অবশিষ্ট ৩,০৫,০০০,০০/- টাকা ২০২৫-২০২৬ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্ত হিসেবে উন্নয়ন তহবিলে স্থানান্তর করা যেতে পারে। এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। | ২০২৪-২০২৫ অর্থবছরে রাজস্ব তহিবলের বিভিন্ন খাতের ব্যয় পরিশোধের পর ৩,০৫,০০০,০০/- টাকা ২০২৫-২০২৬ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্ত হিসেবে উন্নয়ন তহবিলে স্থানান্তর করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার |
| ২৯ | বিবিধ-৬ | সভায় জানানো হয় যে, উপজেলা মৎস্য অফিসারের অফিস কক্ষ ও কর্মচারীদের কক্ষ জরাজীর্ণ হয়ে পড়েছে। উক্ত কক্ষসমূহ মেরামত করা প্রয়োজন। তাছাড়া বৃষ্টি হলে উপজেলা পরিষদের জীপ গাড়ির গ্যারেজে পানি উঠে যায় এবং টিনের চালা দিয়ে পানি পড়ে। গ্যারেজটি মেরামত করা প্রয়োজন। ২০২৫-২০২৬ অর্থবছরের উপজেলা রাজস্ব তহিবলের বাসাবাড়ি ও অফিস ভবন মেরামত খাতের বরাদ্দ দ্বারা উক্ত অফিসের কক্ষ ও জীপ গাড়ির গ্যারেজ মেরামত করার জন্য আলোচনা হয়। এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। | ২০২৫-২০২৬ অর্থবছরের উপজেলা রাজস্ব তহিবলের বাসবাড়ি ও অফিস ভবন মেরামত খাতের বরাদ্দ দ্বারা উপজেলা মৎস্য অফিসের কক্ষ ও উপজেলা পরিষদের জীপ গাড়ির গ্যারেজ মেরামত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩০ | বিবিধ-৭ | উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকা বিভাগ, উপজেলা-২ শাখার ২৪ এপ্রিল ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.৩২২.২৪-৮৭৪ নং স্মারকে নেত্রকোণা সদর উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি কনডেমড ঘোষণার প্রস্তাব যার প্রাক্কলিত মূল্য ৭.৩১,৬২৪/- ভাংগার খরচ ৩,৪৩,০১৭/- বাদে নীট ৩,৮৮,৬০৭/- বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। তাই উপজেলা নির্বাহী আফিসারের জন্য নতুন বাসভবন নির্মাণের লক্ষ্যে প্রাক্কলনসহ প্রস্তাব যথাযথ কর্তৃক বরাবর প্রেরণ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সার্বিক আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী আফিসারের জন্য নতুন বাসভবন নির্মাণের লক্ষ্যে প্রাক্কলনসহ প্রস্তাব যথাযথ কর্তৃক বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৭/০৭/২৫
(আসমা বিনতে রফিক)
প্রশাসক
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

০২ আষাঢ় ১৪৩২

স্মারক নম্বর : ০৫.৪৫.৭২৭৪.০০০.১৮.০০১.১৯- ৮৫৩(৩) তারিখ: ১৭ জুলাই ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৫. উপজেলা................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান/প্রশাসক,................................ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।

১৭/০৭/২৫
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CamScanner